

## 📖 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ পবিত্র মক্কায় প্রবেশের বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যমযমের পানি পান করার আদব

কেবলামুখী হয়ে তিন নিশ্বাসে যমযমের পানি পান করতে হয়। পান করার শুরুতে আল্লাহর নাম স্মরণ করতে হয়। পেট ভরে পান করতে হয়।[1] পান করা শেষ হলে আল্লাহর প্রশংসা করতে হয়।[2] ইবনে আব্বাস (রাঃ) যমযমের পানি পানের পূর্বে এই দোয়া পড়তেন,

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا ، وَرِزْقًا وَاسِعًا ، وَشِفَاءً مِنْ كُلِّ دَاءٍ

- হে আল্লাহ! আমি আপনার কাছে উপকারী জ্ঞান, বিস্তৃত সম্পদ, ও সকল রোগ থেকে শেফা কামনা করছি'।[3] পানি পান করার পর মাথায়ও কিছু পানি ঢালুন। কেননা রাসূলুল্লাহ (ﷺ)এরূপ করতেন।[4] যমযমের পানি পান করে সাঈদ করার জন্য প্রস্তুতি নিন।

### ফুটনোট

[1] - রাসূলুল্লাহ (সাঃ)বলেছেন, আমাদের মাঝে ও মোনাফেকদের মাঝে পার্থক্য এই মোনাফেকরা পেটভরে ভরে পানি পান করে না। (ইবনে মাযাহ, দারা কুতনী)

[2] - দলিল, ইবনে আব্বাস (রাঃ) এর একটি বর্ণনা। তিনি বলেন, 'و انكر الله ، و اذا شربت منها فاستقبل القبلة ، و انكر الله' - যখন তুমি যমযমের পানি পান করবে, কেবলামুখী হবে, আল্লাহকে স্মরণ করবে, ও তিন বার নিশ্বাস নিবে। তুমি তা পেট পুড়ে খাবে ও শেষ হলে আল্লাহর প্রশংসা করবে।

[3] - দারা কুতনী

[4] কিতাবুল মুগনি ফিল হাজ্জ ওয়াল উমরাহ : ৩১০

Source — <https://www.hadithbd.com/books/link/?id=3483>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন